একই স্মারক ও তারিখ ঠিক রেখে স্বাক্ষরিত

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/শেরপুর-৩৮/৮৯

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩২
২০ আগষ্ট ২০২৫

বিষয় : অনুমোদিত এডহক কমিটি ভেঙ্গে দেওয়া প্রসঙ্গে।

সূত্র : ১। নং বামাশিবো/প্রশা/৩৩১২৫১১৩৭০৮১/১১৪৪২৫ তারিখ ৩১-০৭-২০২৫ খ্রিঃ;
২। নং ০৫.৪৫.৮৯৩৭.০০২.০৯.০০১.২১-৫৩৬ তারিখ: ১৪.০৮.২০২৫ ইং;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলাধীন ঝিনাইগাতী দারুল ইসলাম আলিম মাদ্রাসার এডহক কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। অনুমোদিত এডহক কমিটিতে জনাব মো: হযরত আলীকে সদস্য সচিব এবং সহকারী শিক্ষক জনাব মো: সোহেল রানাকে সাধারণ শিক্ষক সদস্য হিসাবে মনোনয়ন প্রদান করা হয়েছে। উক্ত সদস্য সচিব ও সাধারণ শিক্ষক সদস্যের বিরুদ্ধে বেতন-ভাতার বিলে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর এর প্রতিস্বাক্ষর জাল-জালিয়াতি ও নিয়োগ সংক্রান্ত অনিয়মের প্রেক্ষিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর অভিযোগ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে মর্মে উল্লেখ পূর্বক অনুমোদিত এডহক কমিটি বাতিল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় বেতন-ভাতা বিলে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুরের প্রতিস্বাক্ষর জাল-জালিয়াতি করায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত এডহক কমিটি এতদ্বারা ভেঙ্গে দেওয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
ঝিনাইগাতী দারুল ইসলাম আলিম মাদ্রাসা,
পো: ঝিনাইগাতী, ঝিনাইগাতী, শেরপুর।

২৬.০৮.২৫

নং-বামাশিবো/প্রশা/শেরপুর-৩৮/৮৯

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩২
২০ আগষ্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, শেরপুর;
২. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................. শাখা, ঝিনাইগাতী, শেরপুর;
৬. সভাপতি, এডহক কমিটি, ঝিনাইগাতী দারুল ইসলাম আলিম মাদ্রাসা, ঝিনাইগাতী, শেরপুর;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৬/৮/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৬.০৮.২৫

D:\Admin Committee\Belayet\Committee Stay Order.doc